

প্রেস বিজ্ঞপ্তি

জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বাজার তদারকিঃ বিভিন্ন অপরাধে ২২টি প্রতিষ্ঠানকে ৬৪.০০ হাজার টাকা জরিমানা

৫ জুলাই ২০১৭ খ্রি:

বাণিজ্য মন্ত্রণালয়ধীন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বিভিন্ন জেলা কার্যালয়ের ২ জন কর্মকর্তার নেতৃত্বে ভোলা ও মৌলভীবাজারে আজ বাজার তদারকি করা হয়।

ভোলা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মুহাম্মদ মহিউদ্দিন মিরাজের নেতৃত্বে ভোলা সদর উপজেলায় ৭টি প্রতিষ্ঠানকে ৭,৫০০/- (সাত হাজার পাঁচশত) টাকা এবং মৌলভীবাজার জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মো: আল-আমিনের নেতৃত্বে মৌলভীবাজারের কমলগঞ্জ উপজেলায় ৩টি প্রতিষ্ঠানকে ৯,০০০/- (নয় হাজার) টাকাসহ মোট ১৬,৫০০/- (ষোল হাজার পাঁচশত) টাকা অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরী, পণ্যের মূল্যের তালিকা প্রদর্শন না করা ও মেয়াদ উত্তীর্ণ পণ্য বা ঔষধ বিক্রয়ের অপরাধে জরিমানা আরোপ ও আদায় করা হয়।

প্রধান কার্যালয়ের উপ-পরিচালক শাহীন আরা মমতাজ কর্তৃক অভিযোগ শুনানীর মাধ্যমে ধার্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে ক্যাফে গ্রীন হেলমেটকে ২,০০০/- (দুই হাজার) টাকা এবং সহকারী পরিচালক মো: মাসুম আরেফিন কর্তৃক অভিযোগ শুনানীর মাধ্যমে ধার্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে স্বপ্নকে ১০,০০০/- (দশ হাজার) টাকাসহ মোট ১২,০০০/- (বার হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় এবং ৩ জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে ১,৮০০/- (এক হাজার আটশত) টাকা প্রদান করা হয়।

কক্সবাজার জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মো: সুলতান মাহমুদ মিলন কর্তৃক অভিযোগ শুনানীর মাধ্যমে ধার্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে ৫টি প্রতিষ্ঠানকে ১১,০০০/- (এগার হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় এবং ৬ জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে ২,৭৫০/- (দুই হাজার সাতশত পঞ্চাশ) টাকা প্রদান করা হয়।

সিলেট জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মো: জাহাজীর আলম কর্তৃক অভিযোগ শুনানীর মাধ্যমে ধার্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে ৩টি প্রতিষ্ঠানকে ৫,৫০০/- (পাঁচ হাজার পাঁচশত) টাকা এবং প্রতিশ্রুত পণ্য বা সেবা যথাযথভাবে বিক্রয় বা সরবরাহ না করার অপরাধে ২টি প্রতিষ্ঠানকে ১৯,০০০/- (উনিশ হাজার) টাকাসহ মোট ২৪,৫০০/- (চব্বিশ হাজার পাঁচশত) টাকা জরিমানা আরোপ ও আদায় এবং ২ জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে ২,০০০/- (দুই হাজার) টাকা প্রদান করা হয়। অবশিষ্ট ৩ জন অভিযোগকারীকে জরিমানার ২৫% অর্থ ৫ কার্যদিবসের মধ্যে নেয়ার জন্য ফোন করে জানানো হয়েছে।

আজকের ২টি বাজার তদারকির মাধ্যমে ২২টি প্রতিষ্ঠানকে মোট ৬৪,০০০/- (চৌষট্টি হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়। বিলম্বে প্রাপ্ত তথ্য অনুযায়ী গত ৪ জুলাই ২০১৭ তারিখে সিলেট জেলা কার্যালয়ের সহকারী পরিচালক কর্তৃক অভিযোগ নিষ্পত্তির মাধ্যমে ধার্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে ৪টি প্রতিষ্ঠানকে ৭,৫০০/- (সাত হাজার পাঁচশত) টাকা জরিমানা আরোপ ও আদায় এবং ৪ জন অভিযোগকারীকে জরিমানার ২৫% অর্থ ৫ কার্যদিবসের মধ্যে নেয়ার জন্য ফোন করে জানানো হয়েছে। সংশ্লিষ্ট জেলা প্রশাসন ও জেলা পুলিশ, বাজার কর্মকর্তা, স্যানিটারী ইন্সপেক্টর এবং ক্যাব এসব তদারকি কার্যে সহায়তা প্রদান করেন। তদারকিকালে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে লিফলেট ও প্যাম্পলেট বিতরণ করা হয়েছে।

স্বাক্ষরিত/-

(রিনা বেগম)

সহকারী পরিচালক (কার্যক্রম)

ফোনঃ ০২-৮১৮৯৪১১

ই-মেইলঃ ad-operation@dncrp.gov.bd

অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। মহাপরিচালক, র্যাভ/বিটিডি/বাংলাদেশ বেতার/কৃষি বিপণন অধিদপ্তর/মৎস্য অধিদপ্তর, ঢাকা।
- ২। প্রধান তথ্য কর্মকর্তা, পিআইডি/প্রধান বার্তা সম্পাদক, বাসস, ঢাকা।
- ৩। পুলিশ কমিশনার, বরিশাল ও সিলেট।
- ৪। যুগ্ম সচিব (আইআইটি), বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। পরিচালক (নিউজ), বাংলাদেশ বেতার আগারগাঁও, ঢাকা।
- ৬। জেলা প্রশাসক, ভোলা ও মৌলভীবাজার।
- ৭। পুলিশ সুপার, ভোলা ও মৌলভীবাজার।
- ৮। ভারপ্রাপ্ত সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (ভারপ্রাপ্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৯। অধিনায়ক ১, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, উত্তরা, ঢাকা।
- ১০। অধিনায়ক ৫, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, উত্তরা, ঢাকা।
- ১১। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ১২। জনসংযোগ কর্মকর্তা, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।